# বৈদ্যুতিক যান চার্জিং নির্দেশিকা

জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ শাখা
নবায়নযোগ্য জ্বালানি অনুবিভাগ
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ  জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

# মুখবন্ধ

জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি হ্রাস ও কার্বন নিঃসরণ কমানোর জন্য বিশ্বব্যাপী পরিবহন ব্যবস্থাকে কার্বনমুক্ত করার উপর গুরুত্ব প্রদান করা হচ্ছে। পরিবহন খাতকে কার্বনমুক্ত করতে ব্যক্তিগত যান, গণপরিবহন এবং মালামাল পরিবহনের জন্য ব্যবহৃত জীবাশ্ম জ্বালানিভিত্তিক যানবাহন ব্যবস্থার বৈপ্লবিক রূপান্তর দরকার। এ রূপান্তরের জন্য বৈদ্যুতিক যানের প্রচলন অনস্বীকার্য। বৈদ্যুতিক যান প্রচলন ও পরিচালনার সাথে বিদ্যুৎ খাত সরাসরি সংশ্লিস্ট। সারা বিশ্বের মত বাংলাদেশেও বৈদ্যুতিক যানের ব্যবহার ধীরে ধীরে জনপ্রিয় হচ্ছে। বৈদ্যুতিক যানের ব্যবহারকে উৎসাহিত করতে এবং এর জন্য চার্জিং অবকাঠামো স্থাপনের কার্যক্রমকে কাঠামোগত রূপ দেওয়া প্রয়োজন। বিষয়টির গুরুত্ব অনুধাবন করে বিদ্যুৎ বিভাগ কর্তৃক বৈদ্যুতিক যান চার্জিং নির্দেশিকা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত এ নির্দেশিকায় সর্বমোট ০৮(আট) টি অধ্যায়, ০২(দুই) টি ফরম এবং ০৫(পাঁচ) টি পরিশিষ্ট রয়েছে। আমি আশা করি নির্দেশিকাটি দেশে বৈদ্যুতিক যানের প্রসার এবং এর জন্য চার্জিং অবকাঠামো স্থাপনের কার্যক্রমকে গতিশীল করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বৈদ্যুতিক যান চার্জিং অবকাঠামো স্থাপন কার্যক্রমের সাথে বিদ্যুৎ বিতরণ সংশ্লিষ্ট দপ্তরের ভূমিকা এবং সে কাজে সহায়তা প্রদানের সার্বিক নির্দেশনা প্রদানও এ গাইডলাইনের অন্যতম উদ্দেশ্য। সঠিক ব্যবস্থাপনা ও বেসরকারি উদ্যোক্তাদের উৎসাহিতকরণ এবং বিদ্যমান ০২ (দুই) ও ০৩ (তিন) চাকা বিশিষ্ট বৈদ্যুতিক যানের চার্জিং ব্যবস্থাকেও শৃঙ্খলাবদ্ধ করতে এ নির্দেশিকা ভূমিকা রাখবে।

পরিশেষে, এ নির্দেশিকা প্রণয়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানিসমূহকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। প্রকৃতপক্ষে বৈদ্যুতিক যান সর্বস্তরে গ্রহণযোগ্য করে তুলতে পর্যাপ্ত চার্জিং স্টেশন স্থাপন করতে হবে। বৈদ্যুতিক যান চার্জিং নির্দেশিকা অনুসরণপূর্বক পর্যাপ্ত যান চার্জিং অবকাঠামো স্থাপন করতে পারলে স্বাভাবিকভাবেই মানুষের মধ্যে বৈদ্যুতিক যান ক্রয় ও ব্যবহারের আগ্রহ বৃদ্ধি পাবে যা মানুষের জন্য সুরক্ষিত ও নিরাপদ পরিবেশ নিশ্চিতকরণে ভূমিকা পালন করবে।

22/6/2022

(মোঃ হাবিবুর রহমান)
সচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

# সূচীপত্র


| ক্র নং | বিষয় | পৃষ্ঠা নং |
| --- | --- | --- |
| অধ্যায় ১ | উদ্দেশ্য (Objectives) | ০১ |
| অধ্যায় ২ | সংজ্ঞা (Definitions) | ০১ |
| অধ্যায় ৩ | সাধারণ বিষয়সমূহ (General Aspects) | ০২ |
| অধ্যায় ৪ | ব্যক্তিগত চার্জিং স্টেশন (Private Charging Stations) | ০৩ |
| অধ্যায় ৫ | ২ দুই ৩ তিন চাকা বিশিষ্ট বৈদ্যুতিক যানের চার্জিং স্টেশন (Charging Station for 2 (Two)/ 3 (Three) Wheeler EV) | ০৪ |
| অধ্যায় ৬ | পাবলিক চার্জিং স্টেশন (Public Charging Stations) | ০৪ |
| অধ্যায় ৭ | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় Responsible Ministry | ০৮ |
| অধ্যায় ৮ | সংযোগ সম্মতি (Connection Compliance) | ০৮ |
| ফরম ১ | চার্জিং স্টেশন স্থাপনের জন্য স্রেডার নিকট আবেদনপত্র | ০৯ |
| ফরম ২ | বিদ্যুৎ সংযোগ গ্রহণের জন্য আবেদনপত্র | ১১ |
| পরিশিষ্ট ১ | মানদন্ড ও নিরাপত্তামূলক বিষয়াদি | ১৩ |
| পরিশিষ্ট ২ | বিদ্যুৎ সংযোগ গ্রহণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র | ১৬ |
| পরিশিষ্ট ৩ | চার্জিং স্টেশন সামগ্রীর কারিগরি প্রত্যয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্র | ১৭ |
| পরিশিষ্ট ৪ | চার্জিং স্টেশন স্থাপনের জন্য কারিগরি অনুমোদনের ফ্লোচার্ট | ১৮ |
| পরিশিষ্ট ৫ | বিদ্যুৎ সংযোগ গ্রহণের জন্য আবেদনের ফ্লোচার্ট | ১৯ |

## ১ উদ্দেশ্য

জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি হ্রাস ও বায়ুদূষণ রোধকল্পে সরকার জ্বালানির দক্ষ ও সাশ্রয়ী ব্যবহার উৎসাহিতকরণসহ বিকল্প জ্বালানির উৎস অনুসন্ধানে বিবিধ কর্মসূচী গ্রহণ করেছে। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় যানবাহনখাতে জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরতা কমিয়ে বৈদ্যুতিক যানের ব্যাপক ব্যবহার ত্বরান্বিত করতে বাংলাদেশে নিরাপদ নির্ভরযোগ্য প্রবেশযোগ্য এবং সাশ্রয়ী চার্জিং অবকাঠামো স্থাপন অত্যন্ত গুরুত্বপূর্ণ। নতুন এ অবকাঠামো সৃষ্টিতে সংশ্লিষ্ট উদ্যোক্তা, বৈদ্যুতিক যান মালিক, বিদ্যুৎ বিতরণকারী কর্তৃপক্ষ ইত্যাদির সমন্বিত উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয়তা বিবেচনা করে বৈদ্যুতিক যান চার্জিং নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। এ নির্দেশিকার উদ্দেশ্য হলো: বৈদ্যুতিক যান মালিক এবং চার্জিং স্টেশন অপারেটর / মালিকদের জন্য সাশ্রয়ী বৈদ্যুতিক চার্জিং পরিষেবা মূল্য নির্ধারণ, ক্ষুদ্র উদ্যোক্তাদের কর্মসংস্থান/ আয়ের সুযোগ সৃষ্টি করা, প্রাথমিক পর্যায়ে বৈদ্যুতিক যান চার্জিং অবকাঠামো তৈরিতে সক্রিয়ভাবে সমর্থন প্রদান এবং পরবর্তীতে ব্যবসায়িক কার্যক্রমের উপযোগী বাজার তৈরি করা। বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় বৈদ্যুতিক যান চার্জিং অবকাঠামো অন্তর্ভুক্তিকরণের জন্য বিদ্যুৎ বিতরণ লাইসেন্সিগুলোকে প্রস্তুত হতে সহায়তা করাও এ গাইডলাইনের অন্যতম উদ্দেশ্য।

## ২ সংজ্ঞা (Definition)

**২.১ ব্যক্তিগত চার্জিং অবকাঠামো/ স্টেশন (Private Charging Infrastructure)**
বৈদ্যুতিক যান রিচার্জ করার জন্য এক বা একাধিক বৈদ্যুতিক যানের মালিক বা বৈদ্যুতিক গাড়ি ব্যবহারকারীদের সুনির্দিষ্ট একটি গ্রুপ কর্তৃক নিজস্ব ব্যবহারের জন্য স্থাপিত অবকাঠামোগত সুবিধা। এটি সর্বসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত নয়।

**২.২ সাধারণ চার্জিং অবকাঠামো/ স্টেশন (Public Charging Infrastructure)**
বৈদ্যুতিক যান রিচার্জ করার জন্য সরকারি বা বেসরকারি উদ্যোগে স্থাপিত অবকাঠামোগত সুবিধা যা সর্বসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত থাকবে। এ ধরনের অবকাঠামো সাধারণত সংশ্লিষ্ট ব্যবসায়িক কার্যক্রম চালু থাকার সময় পর্যন্ত অথবা প্রতিদিন কমপক্ষে ১২ ঘন্টা সকলের জন্য উন্মুক্ত থাকবে। এ ধরনের চার্জিং স্টেশনে বৈদ্যুতিক যানের চার্জিং একটি বাণিজ্যিক কার্যক্রম হিসাবে বিবেচিত হবে। ব্যক্তিগত চার্জিং স্টেশনে যদি তিন এর অধিক ভিন্ন ইভি মালিককে চার্জিং সুবিধা প্রদান করা হয়, তাহলে ঐ চার্জিং স্টেশন সাধারণ চার্জিং স্টেশন হিসেবে বিবেচিত হবে।

**২.৩ বৈদ্যুতিক যান (Electric Vehicle, EV)** এমন একটি যান যা রিচার্জেবল ব্যাটারিতে সঞ্চিত শক্তি ব্যবহার করে বৈদ্যুতিক মোটর দ্বারা সম্পূর্ণ বা আংশিকভাবে চালিত হয়। সম্পূর্ণ ব্যাটারি চালিত ইলেকট্রিক যান (BEVs) ছাড়াও বৈদ্যুতিক শক্তি চালিত ড্রাইভ এর সাথে অন্তর্দহ ইঞ্জিন (Internal Combustion Engine)-এর ন্যায় সেকেন্ডারি প্রপালশান সিস্টেম (Secondary Propulsion System রয়েছে এমন প্লাগ ইন হাইব্রিড বৈদ্যুতিক যান (PHEVs এ নির্দেশিকার আওতাভুক্ত।

**২ ৪ চার্জিং ডিভাইস** (সিডি) (**Charging Device (CD** বৈদ্যুতিক যান চার্জিং অবকাঠামোর অন্তর্ভুক্ত একটি যন্ত্র যা বৈদ্যুতিক যান রিচার্জ করার জন্য বৈদ্যুতিক শক্তি সরবরাহ করে। এটি ইলেকট্রিক ভেহিকেল সাপ্লাই ইকুইপমেন্ট (Electric Vehicle Supply Equipment (EVSE)) হিসাবেও পরিচিত।

**২ ৫ চার্জিং পয়েন্ট অপারেটর (সিপিও) (Charging Point Operator CPO** কোন নির্দিষ্ট চার্জিং স্টেশনের চার্জিং পয়েন্ট পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং চার্জিং কার্যক্রম চালু রাখার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি। সাধারণভাবে চার্জিং স্টেশনের মালিক এবং ক্ষেত্র বিশেষে মালিক কর্তৃক চুক্তিতে নিয়োগকৃত ব্যক্তি সিপিও হিসাবে গণ্য হবেন।

**২ ৬ সংযোগ পয়েন্ট (Connection Point) -** এমন একটি স্থান, যেখানে চার্জিং স্টেশনটিকে সর্বাধিক সুবিধাজনকভাবে নিকটবর্তী বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কের সাথে সংযুক্ত করা যেতে পারে।

**২ ৭ বৈদ্যুতিক যান চার্জিং এর জন্য বিদ্যুৎ ট্যারিফ Electricity Tariff for EV Charging** বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) কর্তৃক নির্ধারিত ট্যারিফ, যা চার্জিং পয়েন্ট অপারেটর সিপিও কর্তৃক পরিবর্তনযোগ্য নয়।

**২ ৮ কানেকটর বা আউটলেট (Connector / Outlet)** একটি চার্জিং স্টেশনে একই সময়ে যতগুলো বৈদ্যুতিক যানকে বিদ্যুৎ সরবরাহের জন্য সংযুক্ত করা যায় এবং সুনির্দিষ্ট কানেকটর সুবিধা দেওয়া যায় সেটি নির্দেশ করে। কানেকটরের প্রকৃতি নির্ভর করবে বৈদ্যুতিক যানের প্রকারভেদের উপর। যেমন CCS Combined Charging System CHAdeMO Charge de Move এবং এসি AC টাইপ ২ স্ট্যান্ডার্ড ইত্যাদি।

**২ ৯ সার্ভিস চার্জ বা পরিষেবা মূল্য (Service Charge** বৈদ্যুতিক যান চার্জিং সেবা প্রদান বাবদ নির্ধারিত সার্ভিস চার্জ। এর মধ্যে লেন দেন খরচ সংরক্ষণ খরচ যন্ত্রপাতির খরচ চার্জিং পয়েন্ট অপারেটরের লভ্যাংশ পার্কিং ফি এবং আনুষঙ্গিক ব্যয় অন্তর্ভুক্ত থাকবে। বিদ্যুতের ট্যারিফ এবং সার্ভিস চার্জের সমন্বিত মূল্য ইভি চার্জিং প্রক্রিয়ার সম্পূর্ণ ব্যয় হিসাবে বিবেচিত হবে। চার্জিং অবকাঠামো/ স্টেশনের ক্ষেত্রে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কারিগরি কমিটির সুপারিশক্রমে ইভি চার্জিং এর সর্বোচ্চ সার্ভিস চার্জ নির্ধারণ করে দিতে পারে।

**২.১০.** কর্তৃপক্ষ (Authority)- কর্তৃপক্ষ বলতে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে দায়িত্বপ্রাপ্ত অন্য কোন প্রতিষ্ঠান'কে বুঝাবে।

## ৩ সাধারণ বিষয়সমূহ (General Aspects)

৩ ১ পাবলিকসহ সকল চার্জিং অবকাঠামো/ স্টেশনকে পরিশিষ্টে (Annex বর্ণিত সুরক্ষা মানদন্ডগুলো (Safety Standards আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

৩ ২ চার্জিং প্রক্রিয়া এবং যানবাহনের প্রবেশ প্রস্থানের জন্য যাতে প্রধান সড়কে যানজটের সৃষ্টি না হয় সেজন্য চার্জিং স্টেশনে এবং এর সামনে পর্যাপ্ত জায়গা থাকতে হবে। বৈদ্যুতিক যানবাহনের

প্রকারভেদ এবং চার্জিং স্টেশনের অবস্থানের উপর নির্ভর করে নির্দিষ্ট পরিমাণ জায়গা নির্ধারণ করতে হবে। সাধারণ পার্কিং লটে যে পরিমাণ জায়গা থাকে তাকেই যথেষ্ট বিবেচনা করা যেতে পারে।

৩.৩ চার্জিং স্টেশন স্থাপন করতে ইচ্ছুক যেকোন ব্যক্তি বা সংস্থা পরিশিষ্ট ৩ এ উল্লিখিত কাগজপত্রাদিসহ কর্তৃপক্ষের নিকট ফরম ১ এর মাধ্যমে আবেদন করবে। কর্তৃপক্ষের নিকট থেকে চার্জিং স্টশন স্থাপনের অনুমোদন প্রাপ্তির পরে বিদ্যুৎ সংযোগের জন্য পরিশিষ্ট ২ এ উল্লিখিত কাগজপত্রাদিসহ ফরম ২ এর মাধ্যমে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ লাইসেন্সি বরাবর আবেদন করতে হবে। সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ লাইসেন্সি প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পাদন শেষে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে পারবে।

> ৩.৩.১ প্রতি সংযোগ পয়েন্টে বিদ্যুতের অনুমোদিত লোড সর্বদা বজায় রাখতে হবে। সংযোগ পয়েন্ট যদি বিদ্যমান বিতরণ নেটওয়ার্কের মধ্যে হয় তবে বিতরণ লাইসেন্সি সরাসরি বিদ্যুৎ সংযোগ প্রদান করবে। আর যদি সংযোগ পয়েন্ট বিদ্যমান বিতরণ নেটওয়ার্ক হতে দূরবর্তী স্থানে হয় তবে অতিরিক্ত বিতরণ লাইনের ব্যয় চার্জিং পয়েন্ট অপারেটর বহন করবে। লোড ৮০ কিলোওয়াট পর্যন্ত হলে ট্রান্সফরমার বিইআরসি'র ট্যারিফ আদেশ অনুযায়ী বিতরণ লাইসেন্সি সরবরাহ করবে এবং লোড যদি ৮০ কিলোওয়াটের অধিক হয় তবে চার্জিং পয়েন্ট অপারেটর নিজ ব্যয়ে ট্রান্সফরমার স্থাপন করবে।
>
> ৩.৩.২ উচ্চতর ক্ষমতার ইভি চার্জিং স্টেশন স্থাপনের ক্ষেত্রে প্রচলিত বিধান অনুযায়ী বিদ্যুৎ বিতরণ লাইসেন্সি সময়োপযোগী কৌশল প্রণয়ন করবে।

৩.৪ কর্তৃপক্ষের সক্ষমতা অর্জনের পূর্ব পর্যন্ত চার্জিং স্টেশনের যাবতীয় কারিগরি পরীক্ষা পর্যবেক্ষণ কার্যক্রম প্রতি ৩ তিন বছর অন্তর সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণকারী লাইসেন্সি সম্পাদন করবে। পরিশিষ্ট ১ এ উল্লিখিত নির্দিষ্ট আন্তর্জাতিক সুরক্ষা মানগুলির জন্য চার্জিং স্টেশনগুলি পরীক্ষিত হতে হবে। এ পরীক্ষণ বাংলাদেশ এক্রিডিটেশন বোর্ড (BAB) কর্তৃক এক্রিডিটেড পরীক্ষাগার অথবা দেশে পর্যাপ্ত পরীক্ষণ সুবিধা প্রাপ্তির পূর্ব পর্যন্ত আন্তর্জাতিকভাবে স্বীকৃত এক্রিডিটেড পরীক্ষাগারে এ পরীক্ষণ করা যেতে পারে। বাংলাদেশ এক্রিডিটেশন বোর্ড এর সহায়তায় কর্তৃপক্ষ আন্তর্জাতিকভাবে স্বীকৃত এক্রিডিটেড পরীক্ষাগারের একটি তালিকা অনলাইনে প্রকাশ করবে এবং সময়ে সময়ে তালিকাটি হালনাগাদ করবে।

৩.৫ চার্জিং স্টেশনসমূহে বৈদ্যুতিক যানের অকেজো ব্যাটারিসহ অন্যান্য ইলেকট্রিক যন্ত্রপাতি ই ওয়েস্ট বিধিমালা, ২০২১ অনুসারে পুনঃব্যবহার বা পুনঃচক্রায়ন বা পরিত্যাজনের ব্যবস্থা করতে হবে।

## ৪ ব্যক্তিগত চার্জিং স্টেশন (Private Charging Stations)

### ৪.১ ব্যক্তিগত চার্জিং স্টেশন ট্যারিফ (Private Charging Statoin Tariff)

> ৪.১.১ সাধারণভাবে আবাসিক ব্যবহারের জন্য প্রযোজ্য ট্যারিফ ই ব্যক্তিগত চার্জিং স্টেশন ট্যারিফ হিসেবে বিবেচিত হবে।

৪ ১ ২  আলাদা মিটার স্থাপন করা হলে এবং ৩(তিন) এর অধিক ভিন্ন ইভি মালিককে চার্জিং সুবিধা প্রদান করা হলে বিইআরসি কর্তৃক নির্ধারিত সংশ্লিষ্ট ব্যাটারি চার্জিং ট্যারিফ প্রদান করা যেতে পারে।

৪ ১ ৩  চার্জিং ও যানবাহন প্রবেশ এবং নির্গমনের জন্য পর্যাপ্ত যায়গা থাকতে হবে। প্রয়োজনে বহুতল বিশিষ্ট লিফটযুক্ত চার্জিং অবকাঠামো স্থাপন করা যেতে পারে।

## ৫  ২  দুই   ৩ (তিন) চাকা বিশিষ্ট বৈদ্যুতিক যানের চার্জিং স্টেশন (Charging Station for 2 (Two)/ 3 (Three) Wheelers)

৫.১. বিআরটিএ কর্তৃক অনুমোদিত দুই/ তিন চাকা বিশিষ্ট ব্যাটারি চালিত গাড়ি এই নির্দেশিকার আওতাভুক্ত হবে।

৫ ২  তিন চাকা বিশিষ্ট বৈদ্যুতিক যানবাহনের জন্য সাধারণ ডিসি চার্জিং এর মানদন্ড প্রণয়নের লক্ষ্যে শিল্প খাতের সহায়তায় উদ্যোগ গ্রহণ করা হবে।

৫ ৩  এ সকল চার্জিং স্টেশন পরিশিষ্ট ১ বর্ণিত সাধারণ নিরাপত্তা মানদন্ড প্রতিপালন সাপেক্ষে চার্জিং স্টেশন স্থাপনের অনুমতি প্রদান করা যেতে পারে। এক্ষেত্রে কর্তৃপক্ষ যথাযথ প্রত্যয়ন করতে পারে।

৫ ৪  এ নির্দেশিকার অনুচ্ছেদ ৩.৩ ও ৩.৪ এ বর্ণিত কারিগরি, নিরাপত্তা ও দক্ষতা মানদন্ড ও নিয়মাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠান স্বাধীনভাবে তিন চাকা বিশিষ্ট বৈদ্যুতিক যানের জন্য চার্জিং স্টেশন স্থাপন করতে পারবে।

৫ ৫ এ চার্জিং স্টেশন এ নিম্নে বর্ণিত যেকোন একটি অথবা একাধিক চার্জারের সমন্বয়ে গঠিত চার্জার প্রাথমিক পর্যায়ে ব্যবহার করা যাবে।

| **চার্জারের ধরন** (Charger Type) | **চার্জার কানেক্টর** (Charger Connectors) | **সর্বনিম্ন রেটেড পাওয়ার** (Minimum Rated Power) |
|---|---|---|
| এসি চার্জার লিথিয়াম আয়ন ব্যাটারি যুক্ত গাড়ীর জন্য | টাইপ ২ এসি | ১১ কিলোওয়াট |
| এসি চার্জার ২ ৩ চাকা বিশিষ্ট বৈদ্যুতিক যানের জন্য | টাইপ  ১ এসি | ১০  ১৯ কিলোওয়াট |

## ৬  পাবলিক চার্জিং স্টেশন (Public Charging Stations)

৬ ১  তিন এর অধিক ব্যবহারকারি বা ব্যবহারকারি গ্রুপ কর্তৃক ব্যবহারের উদ্দেশ্যে সরকারি প্রতিষ্ঠান আবাসন সমিতি  শপিং মল  অফিস ভবন  রেস্টুরেন্ট  হোটেল  পেট্রোল পাম্প ইত্যাদি স্থানে স্থাপিত চার্জিং অবকাঠামো পাবলিক চার্জিং স্টেশন হিসেবে গণ্য হবে। তবে এক্ষেত্রে চার্জিং এর জন্য যথেষ্ট জায়গা থাকতে হবে।

৬ ২ পাবলিক চার্জিং স্টেশন স্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নিকট হতে ট্রেড লাইসেন্স গ্রহণ ও কর্তৃপক্ষের কারিগরি প্রত্যয়ন প্রয়োজন হবে। এ নির্দেশিকার "সাধারণ বিষয়সমূহ" অনুচ্ছেদে বর্ণিত কারিগরি, নিরাপত্তা ও দক্ষতা মানদন্ড ও নিয়মাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক এবং সংশ্লিষ্ট আইন ও বিধানাবলি এবং মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে আরোপিত বিধি/ কারিগরি মান/ কারিগরি বিনির্দেশ ইত্যাদি প্রতিপালনসাপেক্ষে যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠান স্বাধীনভাবে পাবলিক চার্জিং স্টেশন স্থাপন করতে পারবে। চার্জিং কার্যক্রম শুরুর পরে নতুন কোন মানদন্ড প্রকাশিত হলে পুরাতন মানের অধীনে নির্মিত চার্জিং স্টেশনগুলির রেট্রোফিটিং এর প্রয়োজন হবে না।

৬ ৩ পাবলিক চার্জিং স্টেশন সরকার কর্তৃক সময় সময় প্রদেয় সকল প্রকার সহায়তা প্রাপ্তির জন্য আবেদন করতে পারবে।

৬ ৪ চার চাকা বিশিষ্ট বৈদ্যুতিক যান (Four-Wheeler Electric Vehicles) চার্জ করার জন্য পাবলিক চার্জিং স্টেশন এ নিম্নে বর্ণিত যেকোন একটি অথবা একাধিক চার্জারের সমন্বয়ে গঠিত চার্জার প্রাথমিক পর্যায়ে ব্যবহার করা যাবে।

| **চার্জারের ধরন** (Charger Type) | **চার্জার কানেক্টর** (Charger Connectors) | **সর্বনিম্ন রেটেড পাওয়ার** (Minimum Rated Power) |
|---|---|---|
| ডিসি চার্জার | সমন্বিত চার্জিং পদ্ধতি সিসিএস | ৫০ কিলোওয়াট |
| | চ্যাডেমো CHAdeMO | ৫০ কিলোওয়াট |
| এসি চার্জার | টাইপ ২ এসি | ১১ কিলোওয়াট |

৬ ৫ অন্যান্য প্রকারের বৈদ্যুতিক যানবাহনের ক্ষেত্রে চার্জিং স্টেশন উপরে বর্ণিত চার্জারসমূহ ব্যতীত ও পরিশিষ্ট ১ এ উল্লিখিত কারিগরি ও নিরাপত্তা মানদণ্ড অনুসরণ সাপেক্ষে স্রেডা কর্তৃক প্রস্তুতকৃত বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত অন্যান্য চার্জার ব্যবহার করতে পারবে। তবে এক্ষেত্রে নির্দেশিকা প্রকাশিত হওয়ার পর এবং বিএসটিআই কর্তৃক সংশ্লিষ্ট মানদন্ড নির্ধারিত না হওয়া পর্যন্ত কেবল এ ধরনের চার্জার ব্যবহার করা যাবে।

৬ ৬ সরকারের অনুমোদনক্রমে কর্তৃপক্ষ সকল পাবলিক চার্জিং স্টেশনের জন্য একটি জাতীয় তথ্যভান্ডার পর্যবেক্ষণ প্ল্যাটফর্ম তৈরি ও সংরক্ষণ করবে। চার্জিং স্টেশনের তথ্য নিয়মিতভাবে চার্জিং পয়েন্ট অপারেটর CPO নিচের টেবিল অনুসারে পর্যবেক্ষণ প্ল্যাটফর্মে তথ্য প্রদান করবে। সহজ বিপণনের স্বার্থে পর্যবেক্ষণ প্ল্যাটফর্মটিকে Monitoring Platform যথাসম্ভব আন্তর্জাতিক ওপেন চার্জ পয়েন্ট ইন্টারফেস OCPI প্রটোকলের উপর ভিত্তি করে তৈরি করতে হবে। তথ্য প্রদান না করা অথবা তথ্য প্রেরণে বিলম্বের ক্ষেত্রে চার্জিং স্টেশন এর উপর ট্যারিফ সুবিধাসহ অন্যান্য সুবিধা স্থগিত করা বা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত জরিমানা আরোপযোগ্য হবে এবং অনধিক ৬ ছয় মাস তথ্য প্রদান না করলে সর্বশেষ পদক্ষেপ হিসেবে চার্জিং স্টেশনটির বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হবে।

| তথ্য (Parameter) | তথ্য প্রদানের সময়সীমা ( Time limit) |
|---|---|
| প্লাগ এর ধরন | ২ সপ্তাহ |
| প্রতিটি ধরন অনুযায়ী প্লাগের সংখ্যা | ২ সপ্তাহ |
| চার্জিং পাওয়ার এর সময়সূচী (কিলোওয়াট) | ২ মিনিট |
| স্থান  জিপিএস তথ্য | ২ সপ্তাহ |
| পরিচালনাকৃত সময়  উদাহরণঃ সকাল ৮ টা    রাত ৮টা | ২ সপ্তাহ |
| কার্যকর  হ্যাঁ   না | ২ মিনিট |
| সিপিও চুক্তি ছাড়াই সর্বাধিক চার্জিংয়ের ব্যয়  কিলোওয়াট ঘন্টা | ১ সপ্তাহ |
| পার্কিং ব্যয়  সর্বনিম্ন | ১ সপ্তাহ |
| মূল্য পরিশোধ পদ্ধতি  উদাহরণঃ ক্রেডিট কার্ড  প্লাগ এবং চার্জ | ২ সপ্তাহ |
| সবুজ  নবায়নযোগ্য বিদ্যুতায়ন  হ্যাঁ   না | ২ সপ্তাহ |

৬ ৭  চার্জিং স্টেশনের পরিসীমায় একটি সার্বক্ষণিক টেলিফোন মোবাইল সংযোগ  বিশুদ্ধ পানি সরবরাহ  পুরুষ ও মহিলাদের জন্য আধুনিক ও স্বাস্থ্যসম্মত শৌচাগারের ব্যবস্থা রাখতে হবে। পানি নিষ্কাশনের সুবিধার্থে চার্জিং স্টেশন প্রাঙ্গাণ সড়কের উচ্চতার বেশি হতে হবে। চার্জিং স্টেশনে অতিরিক্ত আলোকসজ্জা হতে বিরত থাকতে হবে। তবে  বর্ণিত সুবিধাদি বিদ্যমান রয়েছে এরুপ কোনো ফিলিং স্টেশনের আঙ্গিনায় চার্জিং স্টেশন স্থাপনের ক্ষেত্রে এসকল শর্ত প্রযোজ্য হবে না।

৬ ৮  চার্জিং স্টেশন নির্মাণের ক্ষেত্রে প্রচলিত বিধিবিধান মেনে চলতে হবে। চার্জিং স্টেশনের জমির সংস্থান  চার্জিং স্টেশনে প্রবেশের ড্রাইভওয়ের ব্যবস্থা ও উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে ব্যবসা পরিচালনা সংক্রান্ত যাবতীয় অনুমোদন সিপিও গ্রহণ করবে।

৬ ৯  চার্জিং স্টেশন সীমান্তের শূন্য লাইন হতে বাংলাদেশে অভ্যন্তরে ৮ আট  কিলোমিটার এর মধ্যে স্থাপন করা যাবে না।

৬ ১০  চার্জিং স্টেশন কোনো ফিলিং সিএনজি ডিজেল পেট্রোল অকটেন এলপিজি স্টেশন প্রাঙ্গাণে স্থাপিত হলে সংশ্লিষ্ট ফিলিং স্টেশন সংক্রান্ত নীতিমালা প্রযোজ্য হবে। জেলা শহরে ও সিটি কর্পোরেশনের আওতাভুক্ত এলাকায় সড়কের একই পাশে চার্জিং স্টেশনসমূহের মধ্যে ন্যূনতম দূরত্ব হবে ২ দুই  কিলোমিটার এবং অন্যান্য স্থানে ন্যূনতম দূরত্ব হবে ৪ চার  কিলোমিটার। সরকার বিশেষ প্রয়োজনে এই দূরত্বসীমা শিথিল করতে পারবে।

৬.১১. যেসকল চার্জিং স্টেশনে ক্রমাগত রক্ষণাবেক্ষণের অভাব পরিলক্ষিত হয় অথবা নির্ধারিত সুরক্ষা এবং সংযোগ মান অনুসরণ করছে না বলে প্রতীয়মান হয়, সেসকল চার্জিং স্টেশনের ক্ষেত্রে বিদ্যমান

নিয়ম এবং বিধান অনুযায়ী জরিমানা আরোপযোগ্য হবে। চূড়ান্ত ক্ষেত্রে চার্জিং স্টেশন এর বিদ্যুৎ সংযোগ বাতিলসহ পরিচালনা সাময়িক বা স্থায়ীভাবে বন্ধ করা হবে।

## ৬.১২ পাবলিক চার্জিং স্টেশনে বিদ্যুৎ সরবরাহের ট্যারিফ (Tariff for Public Charging Stations)

৬.১২.১ বৈদ্যুতিক যান চার্জিং স্টেশনে (EV Public Charging Stations) বিদ্যুৎ সরবরাহের ট্যারিফ নির্ধারণ করবে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC)।

৬.১২.২ পাবলিক চার্জিং স্টেশনের প্রতিটি চার্জিং পয়েন্টের জন্য পৃথক মিটারিং ব্যবস্থা থাকতে হবে, যাতে চার্জিং স্টেশনগুলোর জন্য প্রযোজ্য ট্যারিফ অনুযায়ী বিদ্যুৎ ব্যবহার সংক্রান্ত তথ্য সংরক্ষণ এবং বিল তৈরি করা যায়। ভুল Calibration ব্যবহার এবং পৃথক মিটারিং ব্যবস্থা না রাখার কারণে বিএসটিআই কর্তৃক জরিমানা আদায়যোগ্য হবে এবং সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ লাইসেন্সি কর্তৃক চার্জিং স্টেশনের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন/ বাতিল করা হতে পারে।

৬.১২.৩ চার্জিং প্রক্রিয়ার শুরুতেই চার্জিং ব্যয় বৈদ্যুতিক ডিসপ্লে বোর্ড বা সাইনবোর্ডের মাধ্যমে স্পষ্টভাবে প্রদর্শন করতে হবে।

৬.১২.৪ চার্জিং স্টেশনে বিল পরিশোধের জন্য অন্তত দুইটি পদ্ধতি চালু থাকতে হবে। চার্জিং চুক্তি ব্যতীত অন্তত একটি অর্থ প্রদান পদ্ধতি (যেমন: নগদ অর্থ, ক্রেডিট/ডেবিট কার্ড ইত্যাদি) কার্যকর থাকতে হবে।

## ৬.১৩ পাবলিক চার্জিং স্টেশনের সার্ভিস চার্জ বা পরিষেবা মূল্য Service Charges at Public Charging Stations)

৬.১৩.১ পাবলিক চার্জিং স্টেশনের সার্ভিস চার্জ নির্ধারণের ক্ষেত্রে সর্বোচ্চ মূল্যমান কর্তৃপক্ষ এইরূপে নির্ধারণ করবে যাতে গ্যাস চালিত যানবাহনের তুলনায় বৈদ্যুতিক যানবাহন চালানো নিশ্চিতরূপে সাশ্রয়ী হয়। মূল্যের এই সর্বোচ্চ সীমা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন অনুসারে সমন্বয় করা হবে।

## ৬.১৪ পাবলিক চার্জিং স্টেশন স্থাপন অগ্রাধিকারকরণ (Priority for Rollout of EV Public Charging Station)

চার্জিং স্টেশন স্থাপনের মাধ্যমে চার চাকার যান ক্রয়ের উপযোগী পরিবেশ তৈরি করা প্রয়োজন। সরকারের বিভিন্ন বিভাগ/ সংস্থার সঙ্গে বিস্তারিত আলোচনার আলোকে জাতীয় অগ্রাধিকার বিবেচনায় বৈদ্যুতিক যান চার্জিং এর সরকারি অবকাঠামোসমূহ নিম্নোক্ত ধাপে পর্যায়ক্রমে চালু করা যেতে পারে। নিম্নে বর্ণিত কাঠামোটি শুধুমাত্র দৃষ্টান্ত হিসাবে বিবেচিত হবে। সরকারের সুনির্দিষ্ট কোন কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্ধারিত নয় এরূপ যেকোন স্থানে বৈদ্যুতিক যান চার্জিং অবকাঠামো স্থাপন করা যাবে।

**ফেজ ১ ১ ৩ বছর**

সকল বিভাগীয় শহরের কেন্দ্রস্থল এবং গুরুত্বপূর্ণ মহাসড়কসমূহ, যেখানে দ্রুত বৈদ্যুতিক যান প্রচলনের সম্ভাবনা আছে, সেখানে চার্জিং অবকাঠামো স্থাপন করা হবে। প্রাথমিকভাবে পর্যাপ্ত জায়গা ও বিদ্যুৎ সংযোগ সুবিধাসম্বলিত সিএনজি পেট্রোল রিফুয়েলিং স্টেশনে ফাস্ট চার্জিং অবকাঠামো স্থাপনকে অগ্রাধিকার দেয়া হবে। এছাড়াও, সরকারি ক্রয় কার্যক্রমের আওতায় বৈদ্যুতিক যানবাহন ক্রয় উৎসাহিতকরণের লক্ষ্যে সরকারি প্রাঙ্গণে চার্জিং স্টেশন স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হবে।

**ফেজ ২ ৩ ৫ বছর**

এই ধাপে অগ্রাধিকার ভিত্তিতে হাইওয়েতে ১০০ কিলোমিটার দূরত্বের মধ্যে সড়কের উভয় পাশ থেকে প্রবেশযোগ্য এবং একক ভাবে কমপক্ষে ৫০ কিলোওয়াট ক্ষমতা বিশিষ্ট চার্জিং স্টেশন স্থাপন করা হবে। পর্যায়ক্রমে অকেজো ঘোষিত যানবাহনের বিপরীতে ও নতুন ক্রয়ের ক্ষেত্রে বৈদ্যুতিক যানবাহন অগ্রাধিকার ভিত্তিতে ক্রয় করা হবে।

## ৭ দায়িত্বপ্রাপ্ত বিভাগ মন্ত্রণালয় (Responsible Ministry)

দেশে সাধারণ বৈদ্যুতিক যানবাহন চার্জিং অবকাঠামো সৃষ্টি ও বিকাশে মুখ্য ভূমিকা পালন করবে বিদ্যুৎ বিভাগ বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় । এ বিষয়ে অন্যান্য সংশ্লিষ্ট সকল সংস্থা প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। মন্ত্রণালয় পাবলিক চার্জিং অবকাঠামো স্থাপন উন্নয়ন রক্ষণাবেক্ষণ কারিগরি সহায়তা পরিষেবা মূল্য প্রণোদনা সংক্রান্ত সুপারিশ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পাদনের জন্য একটি কারিগরি কমিটি গঠন করবে। কমিটির সুপারিশমতে মন্ত্রণালয় পরিষেবা মূল্য নির্ধারণ প্রণোদনা সংক্রান্ত নীতিমালাসহ অন্যান্য প্রয়োজনীয় নির্দেশিকা প্রণয়ন করবে।

## ৮ সংযোগ সম্মতি (Connection Compliance)

- ৮ ১ চার্জিং স্টেশনকে বাংলাদেশ ইলেকট্রিসিটি ডিস্ট্রিবিউশন কোড প্রাপ্তি সাপেক্ষে এবং সরকার প্রদত্ত অন্যান্য শর্তসমূহ প্রতিপালন করতে হবে।
- ৮ ২ চার্জিং স্টেশন কর্তৃক প্রয়োজনীয় নিরাপত্তা শর্তাবলী এবং ডিস্ট্রিবিউশন কোড প্রতিপালনের বিষয়টি প্রতি বছর বিদ্যুৎ বিতরণ লাইসেন্সি এবং দুই বছর অন্তর কর্তৃপক্ষের মাধ্যমে নিশ্চিত করতে হবে।

# ফরম ১: চার্জিং স্টেশন স্থাপনের জন্য স্রেডার নিকট আবেদনপত্র

**সংশ্লিষ্ট সংস্থার লেটার হেড**

বরাবর
চেয়ারম্যান,
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)

আমি নিম্নস্বাক্ষরকারী বৈদ্যুতিক যান চার্জিং স্টেশন স্থাপনের জন্য নির্ধারিত ফরমে আবেদন করছি।

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | (ক) দরখাস্তকারীর পূর্ণ নাম (বাংলা)<br>(ইংরেজী) | | : | |
| | (খ) পূর্ণ ঠিকানা | | : | |
| | (গ) জাতীয়তা | | : | |
| | ঘ জাতীয় পরিচয় পত্র নং | | | |
| | (ঙ) বর্তমান ঠিকানা | | : | |
| | (চ) বর্তমান অবস্থান | | : | |
| | (ছ) যদি মূল অবস্থান বাংলাদেশের বাহিরে হয়, তবে বাংলাদেশে মনোনীত এজেন্টের নাম, ঠিকানাসহ উপরের উপানুচ্ছেদ (ঘ) ও (ঙ) তে উল্লিখিত তথ্য। | | : | |
| ২। | বৈদ্যুতিক যানবাহন চার্জিং সিস্টেম সম্পর্কে অভিজ্ঞতা ও জ্ঞান সম্পর্কে বর্ণনা (যদি থাকে) | | : | |
| ৩। | যেঅঞ্চলে কার্যক্রম পরিচালনার জন্য আবেদন করা হয়েছে তার নাম এবং নিকটতম স্টেশনের সংখ্যা এবং দূরত্ব | | : | |
| ৪। | আলাদা কাগজে নিম্নোক্ত বিষয়ে প্রকল্পের বিবরণ | | : | |
| | (ক) চার্জিং স্টেশনের কারিগরি দিকসমূহের বর্ণনা | | : | |
| | (অ) | অস্থাবর সম্পত্তির ধরন ও পরিমাণ | | |
| | (আ) | ইউটিলিটি ও সেবার বিবরণ | : | |
| | (ই) | সাংগঠনিক কাঠামোসহ কারিগরি ও পরিচালন জনবলের তালিকা | : | |
| | (ঈ) | সম্ভাব্য কার্য সম্পাদনের মেয়াদ এবং চালু করার তারিখ (নতুন প্রকল্প হইলে) | : | |
| | (উ) | নিম্নলিখিত খাতে বর্তমান বা প্রাক্কলিত মূলধন, বিনিয়োগের উৎস, দেশীয় মুদ্রা এবং বৈদেশিক মুদ্রার বিভাজন (আলাদা কাগজে) | : | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | (১) | যন্ত্রপাতির মূল্য | | |
| | | (২) | প্রস্তাবিত জমির পরিমাণ ও বিবরণ | | |
| | | (৩) | স্থাপনার বিবরণ | | |
| | | (৪) | বৈদ্যুতিক সরঞ্জাম স্পেসিফিকেশন | | |
| | | (৫) | ব্যাটারি চার্জিং প্লাগ স্পেসিফিকেশন | | |
| | | (৬) | অগ্নি নির্বাপক যন্ত্র | | |
| | | (৭) | আসবাবপত্র | | |
| | | (৮) | যানবাহন | | |
| | | (৯) | নির্মাণ ও প্রকৌশলী (নতুন প্রকল্পের জন্য) | | |
| | | ১০ | চার্জিং স্টেশনের বৈদ্যুতিক সুরক্ষা সামগ্রীর বর্ণনা | | |
| | | ১১ | বিদ্যমান ফিলিং সিএনজি পেট্রল ডিজেল এলপিজি স্টেশনের আঙ্গিনায় স্থাপিত হলে মালিকানা বা সংশ্লিষ্ট চুক্তির কপি | | |
| | | ১২ | বিবিধ সম্পদ | | |
| ৫। | যে এলাকার জন্য আবেদন করা হয়েছে সেই এলাকার চার্জিং স্টেশনের চাহিদা, প্রযোজ্য ক্ষেত্রে পার্শ্ববর্তী চার্জিং স্টেশনের অনাপত্তিপত্র ও প্রয়োজনীয়তার বিবরণ (বাজার জরিপ যদি করা হয়ে থাকে তার ভিত্তিতে) | | | | |
| ৬। | আবেদন মূল্যায়নের জন্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী | | | | |

সংযুক্তিঃ পরিশিষ্ট ২ অনুসারে

মন্তব্য:

আমি এই মর্মে ঘোষণা করছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সত্য এবং সঠিক। এই মর্মে অঙ্গীকার করছি যে, বৈদ্যুতিক যানের চার্জিং নির্দেশিকা এর বিধানাবলী মেনে চলতে বাধ্য থাকব।

এই মর্মে প্রত্যায়ন করছি যে, আমরা সরকারের পূর্বানুমোদন ব্যতিরেকে অধিকার, সুবিধা বা দায় অন্য কারও নিকট সরাসরি প্রত্যক্ষ, পরোক্ষ বা সমিতির মাধ্যমে বিক্রয়, বন্ধক দিব না।

এই অঙ্গীকারনামা লঙ্ঘন করা হলে সরকার এই মঞ্জুরীপত্র/বিদ্যুৎ সংযোগ বাতিলের সর্বস্বত্ব সংরক্ষণ করে।

তারিখ: আবেদনকারীর নাম, পদবী ও স্বক্ষর

# ফরম ২ বিদ্যুৎ সংযোগ গ্রহণের জন্য আবেদনপত্র

প্রত্যেক ইউটিলিটি এর নিজস্ব বিদ্যুৎ সংযোগের আবেদনপত্র

উদাহরণস্বরূপ পল্লী বিদ্যুৎ সমিতি এর একটি আবেদনপত্র

জেনারেল ম্যানেজার
পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

**এপিন্ডিক্স-বি**
**পবিস নির্দেশিকা ঃ ৩০০-৪**

**পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২**
পত্র গ্রহণ নং..............................
তারিখ..............................
**সদস্য সেবা বিভাগ**

**বিদ্যুৎ সংযোগ সংক্রান্ত বিভিন্ন অফেরৎযোগ্য সমীক্ষা ফি নিম্নরূপ হারে আবেদনের সহিত জমা প্রদান করিতে হবে ঃ**

নতুন সংযোগের আবেদন ফি (১ ফেজ/৩ ফেজ) ............টাকা

| ক্রমিক নং | বিবরণ | অফেরতযোগ্য সমীক্ষা ফি (টাকা) |
|---|---|---|
| ০১ | বাড়ী/বাণিজ্যিক/দাতব্য প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগের জন্য একক ও দলগত আবেদনের ক্ষেত্রে ঃ | |
| | (ক) একক আবেদনের ক্ষেত্রে | ১০০.০০ |
| | (খ) ২ হইতে ৯ জন পর্যন্ত আবেদনের (জন প্রতি) ক্ষেত্রে | ১০০.০০ |
| | (গ) ১০ হইতে ২০ জন পর্যন্ত গ্রুপ সম্বলিত আবেদনের ক্ষেত্রে (নির্ধারিত) | ১৫০০.০০ |
| | (ঘ) ২১ জন ও তদুর্দ্ধের গ্রুপ সম্বলিত আবেদনর ক্ষেত্রে (নির্ধারিত) | ২০০০.০০ |
| ০২ | সেচ সংযোগের জন্য | ২৫০.০০ |
| ০৩ | যে কোন ধরণের অস্থায়ী সংযোগের জন্য | ১৫০০.০০ |
| ০৪ | উপরে বর্ণিত সংযোগ ও শিল্প প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন সাময়িক/স্থায়ী সংযোগের জন্য | ১৫০০.০০ |
| ০৫ | পোল স্থানান্তর/লাইন রুট পরিবর্তন/সমিতি কর্তৃক স্থাপিত অন্য গ্রাহকের সার্ভিস ড্রপ স্থানান্তরের আবেদনের জন্য | ৫০০.০০ |
| ০৬ | শিল্প প্রতিষ্ঠানের সংযোগের জন্য (জি,পি) | ২৫০০.০০ |
| ০৭ | বৃহৎ শিল্প প্রতিষ্ঠানের সংযোগের জন্য (এল,পি) | ৫০০০/৭৫০০ |
| ০৮ | লোড বৃদ্ধির জন্য (০-৩ কিঃ ওঃ পর্যন্ত) | ৫০০.০০ |
| | লোড বৃদ্ধির জন্য (৩ কিঃ ওঃ উর্দ্ধ হতে ১০ কিঃ ওঃ পর্যন্ত) | ১০০০.০০ |
| | লোড বৃদ্ধির জন্য (১০ কিঃ ওঃ উর্দ্ধ হতে ৪৫ কিঃ ওঃ পর্যন্ত) | ২০০০.০০ |
| | লোড বৃদ্ধির জন্য (৪৫ কিঃ ওঃ উর্দ্ধে) | ৫০০০.০০ |

**বিষয় ঃ বাড়ী/ক্ষুদ্র বাণিজ্যিক/দাতব্য প্রতিষ্ঠান/সেচ কার্য্য/ অস্থায়ী বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন।**

জনাব,

উল্লিখিত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর যাবতীয় নিয়ম প্রতিপালনে সম্মত হইয়া নিম্নলিখিত তথ্যাদি অবহিতকরণ পূর্বক বিদ্যুৎ সংযোগ গ্রহণে আগ্রহী।

এমতাবস্থায় নিম্নবর্ণিত স্থানে বাড়ী/ক্ষুদ্র বাণিজ্যিক/দাতব্য প্রতিষ্ঠান/সেচ কার্য্য/ অস্থায়ী সংযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া বাধিত করিবেন।

## তথ্য সমূহ

১। আবেদনকারীর নাম ও জন্ম তারিখ ঃ ------------------------------

২। পিতা/ স্বামীর নাম ঃ ------------------------------

৩। মাতার নাম ঃ ------------------------------

৪। আবেদনকারীর ঠিকানা (ক) স্থায়ী ঃ গ্রাম ---------------- ডাকঘর ----------------
ইউনিয়ন ---------------- উপজেলা ----------------
জেলা ---------------- মোবাইল ----------------

(খ) অস্থায়ী ঃ গ্রাম ---------------- ডাকঘর ----------------
ইউনিয়ন ---------------- উপজেলা ----------------
জেলা ---------------- মোবাইল ----------------

৫। প্রস্তাবিত সংযোগ স্থলের বর্ণনা ঃ

(ক) সম্পত্তির আইনগত মালিকের নাম ঃ ---------------- (খ) থানা ঃ ----------------

(গ) ইউনিয়ন ঃ ---------------- (ঘ) ডাকঘর ঃ ----------------

(ঙ) মৌজা ঃ ---------- (চ) গ্রাম ঃ---------- (ছ) খতিয়ান নং ঃ---------- (জ) দাগ নং ঃ----------

(ঝ) বিদ্যুৎ লাইনের নিকটবর্তী খুঁটি হইতে দূরত্ব ঃ ---------------- মিটার/ফুট ঃ ----------------

৬। বৈদ্যুতিক লোডের ধরণ ঃ ------------------------------

(পাতা-২)

৮। সংযোগের প্রকৃতি ঃ---------------------------- ফেজ ---------------------- ভোল্ট --------------------সাইকেল।

৯। সেচ কার্য্যের ক্ষেত্রে ঃ -------------------- --------------------- ডিপ-টিউবওয়েল/স্যালো টিউবওয়েল/এল,এল,পি।

১০। সংযোগের তারিখ (প্রস্তাবিত) ঃ ----------- -------------------------------------------------------------------

১১। আবেদনকারীর অন্য কোন তথ্য প্রদান করিতে চাহিলে ঃ ----------------------------------------------------------

তারিখ ঃ ---------------------

---------------------------------------
আবেদনকারীর স্বাক্ষর ও পদবী
(প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে)

## নিম্নের তথ্যাদি অফিস কর্তৃক পূরণীয়

১। প্রাথমিক রিপোর্ট (সদস্য সেবা বিভাগ কর্তৃক) ঃ
(সর্বোচ্চ ৭ দিনের মধ্যে)

২। স্টেকিংশীটের সূত্রসহ পরামর্শদাতা প্রকৌশলীর ঃ
মন্তব্য (সর্বোচ্চ ৭ দিনের মধ্যে)

৩। এজিএম (ইঞ্জিনিয়ারিং / ওএন্ডএম) / প্রকল্প ঃ
বিভাগের মন্তব্য (লাইন নির্মাণের তারিখ)

৪। জেনারেল ম্যানেজারের নির্দেশ ঃ

-----------------------------
জেনারেল ম্যানেজার
[illegible]

# **পরিশিষ্ট ১** মানদন্ড ও নিরাপত্তামূলক বিষয়াদি

**১ চার্জিং ডিভাইসের জন্য নিরাপত্তা মানদন্ড** (Safety Standards for Charging Devices)

বৈদ্যুতিক যানবাহন চার্জিং স্টেশনের বৈদ্যুতিক সুরক্ষা প্রয়োজনীয়তাগুলি নিম্নে বর্ণিত মানদন্ড অনুসারে হতে হবেঃ

- IEC 61851-1:2017: Standard for electrical vehicle conductive charging system – Part 1: general requirements,
- IEC 61851-23:2014: Electric vehicle conductive charging system - Part 23: DC electric vehicle charging station,
- IEC 61851-24:2014: Electric vehicle conductive charging system - Part 24: Digital communication between a d.c. EV charging station and an electric vehicle for control of d.c. charging; এবং
- ISO 17409:2020: Electrically propelled road vehicles- Conductive power transfer - Safety requirements

**২ সাধারণ শর্তাবলী** (General Conditions)

- চার্জিং স্টেশনগুলিতে ইনপুট এবং আউটপুট বিদ্যুৎ সরবরাহ ফিটিংসে ওভার লোড প্রতিরোধে সুরক্ষা থাকতে হবে।
- বৈদ্যুতিক চার্জিং ওয়্যার এর গুচ্ছ সংযোগ করা বা এক তারের সাথে অন্য তার সংযোগ করে সম্প্রসারণ করা যাবে না।
- বৈদ্যুতিক যান পার্কিং এর জায়গাটি এমন হতে হবে যেন বৈদ্যুতিক যান থেকে বৈদ্যুতিক যান চার্জিং পয়েন্ট এর দূরত্ব ৫ মিটারের মধ্যে হয়।
- IEC 62305 অনুযায়ী বৈদ্যুতিক যান চার্জিং স্টেশনগুলিতে উপযুক্ত বজ্র নিরোধক সুরক্ষা ব্যবস্থা থাকতে হবে।
- বৈদ্যুতিক যান হতে নিয়ন্ত্রণহীন বিপরীতমুখী (Reverse) বিদ্যুৎ প্রবাহ প্রতিরোধের জন্য বৈদ্যুতিক যান চার্জিং স্টেশনগুলিতে সুরক্ষা ডিভাইস সংযুক্ত থাকতে হবে।
- যদি ভোল্টেজ ৬০ ভোল্ট ডিসির বেশি হয় এবং চার্জিং শেষ হওয়ার পরে এবং চার্জিং সিস্টেম ত্রুটির ক্ষেত্রে চার্জিং প্রক্রিয়ার মাধ্যমে বিপজ্জনক ভোল্টেজ সনাক্ত করা হলে যানবাহনের সংযোগকারী (ডিসি চার্জের জন্য ব্যবহৃত) প্লাগ খুলে বিকল্প পদ্ধতিতে বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করতে হবে।
- বৈদ্যুতিক যানবাহনের ডাইরেক্ট কারেন্ট (Direct Current) চার্জিং এর ক্ষেত্রে চার্জিং পয়েন্টটি ব্যাটারির ওভারভোল্টেজ প্রতিরোধের জন্য স্বয়ংক্রিয়ভাবে বিদ্যুতের সরবরাহকে

সংযোগ বিচ্ছিন্ন করতে পারে যদি আউটপুট ভোল্টেজ যানবাহনের মাধ্যমে প্রেরিত সর্বাধিক ভোল্টেজের সীমা অতিক্রম করে।

- বৈদ্যুতিক যানবাহনের চার্জিং পয়েন্টগুলি যানবাহনের সংযোজকটি আনলক করা থাকলে তাকে আর চার্জ করবে না এবং যে ভোল্টেজে যানবাহন সংযোগকারীটি আনলক করবে তা ৬০ ভোল্টের থেকে কম হবে ।
- চার্জিং স্টেশনে বৈদ্যুতিক যানগুলি এমনভাবে সংযোগ স্থাপন করতে হবে যাতে বিদ্যমান নেটওয়ার্কের আনব্যালান্স জনিত সমস্যা যতটা সম্ভব উপেক্ষা করা যায়।

## ৩ **চার্জিং স্টেশনগুলির জন্য আর্থিং সুরক্ষা ব্যবস্থা** (Earth Protection System)

- বৈদ্যুতিক যান সরবরাহের সুরক্ষার জন্য সমস্ত রেসিডুয়াল কারেন্ট ডিভাইস এর ক্ষেত্রেঃ
  রেসিডুয়াল অপারেটিং কারেন্ট ৩০ মিলি অ্যাম্পিয়ারের চেয়ে বেশি হতে পারবে
  নিউট্রালসহ সমস্ত লাইভ কন্ডাক্টরকে বিচ্ছিন্ন করতে পারবে এবং
  এর পারফরম্যান্স কমপক্ষে টাইপ (Type ) এর সমান এবং IEC 60364 এর সাথে সঙ্গাতিপূর্ণ হতে হবে।
- বৈদ্যুতিক যানবাহন সরবরাহ সুরক্ষার জন্য ব্যবহৃত সকল রেসিডুয়াল কারেন্ট ডিভাইসগুলিকে স্থায়ীভাবে চিহ্নিত করতে হবে, যাতে তাদের কার্যকারিতা এবং তারা যেসব চার্জিং স্টেশন ও সকেট আউটলেট কে সুরক্ষিত করছে তার অবস্থান জানা যায়।
- IEC 60947-2, IEC 60947-6-2 বা IEC 60269 সিরিজ মানদণ্ড অনুযায়ী প্রতিটি বৈদ্যুতিক যানকে পৃথকভাবে একটি ওভারকারেন্ট প্রোটেকটিভ ডিভাইস দ্বারা সুরক্ষিত ফাইনাল সাব সার্কিটের সাথে সংযুক্ত করতে হবে এবং ওভারকারেন্ট প্রোটেকটিভ ডিভাইসটি একটি সুইচবোর্ডের অংশ হবে।
- বিভিন্ন সুরক্ষা ডিভাইসের মধ্যে সমন্বয় থাকতে হবে।
- রক্ষণাবেক্ষণ ও রিপেয়ার করার জন্য যেখানে প্রয়োজন সেখানে সংযোগ বিন্দুকে রক্ষাকারী রেসিডুয়াল কারেন্ট ডিভাইস এবং আপস্ট্রিমে স্থাপিত রেসিডুয়াল কারেন্ট ডিভাইসের মধ্যে ক্রম বজায় থাকতে হবে।
- সকল বৈদ্যুতিক যানবাহন চার্জিং স্টেশন এ সাব সার্কিট দ্বারা সুরক্ষিত একটি ভোল্টেজ ইনডিপেন্ডেন্ট রেসিডুয়াল কারেন্ট ডিভাইস থাকবে এবং বৈদ্যুতিক যানের চার্জ সরবরাহের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যক্তিগত সুরক্ষার ব্যবস্থা থাকতে হবে।
- সকল বৈদ্যুতিক যান চার্জিং স্টেশনগুলিতে একটি ধারাবাহিক আর্থিং পর্যবেক্ষণ ব্যবস্থা সরবরাহ করা হবে যা যানের সাথে থাকা আর্থিং সংযোগটি অকার্যকর হয়ে উঠলে বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন করে দেবে।
- সকল বৈদ্যুতিক যান চার্জিং স্টেশনগুলির আর্থিং IEC 60364 অনুযায়ী হবে।
- তারগুলি আর্থিংকৃত ধাতব পাতের সাথে লাগানো যেতে পারে এবং তারটির ইনসুলেশন ওয়ার রেজিস্ট্যান্ট হতে হবে এবং তাপমাত্রার পূর্ণ পরিসরেই যেন উপর সেটি নমনীয়তা বজায় রাখতে পারে এমনটি হতে হবে।

- আর্থ টার্মিনাল এবং যানের বিদ্যুৎ পরিবাহী অংশগুলির মধ্যে সংযোগ স্থাপনের জন্য একটি IEC 60364 5-54 এর মানদণ্ড অনুসারে উপযুক্ত রেটিংপ্রাপ্ত সুরক্ষামূলক আর্থিং কন্ডাক্টর সরবরাহ করতে হবে
- চার্জিং স্টেশনের সমস্ত যন্ত্রপাতিতে প্রাসঙ্গিক IEC 61851 1 উল্লিখিত মান অনুসারে ইন্সুলেশন রেজিস্টেন্স ভ্যালু থাকতে হবে।

ইলেকট্রিক নিরাপত্তা ছাড়াও  আবদ্ধ ভবন বা অন্যান্য অগ্নি ঝুঁকিপূর্ণ এলাকায় অগ্নি নির্বাপণ সুবিধা থাকা প্রয়োজন। চার্জিং স্টেশনের পরিসীমা অগ্নি সহনশীল স্বয়ংক্রিয় অগ্নি নির্বাপণ ক্ষমতাসম্পন্ন এবং হ্যালোজেনমুক্ত হতে হবে। চার্জিং স্টেশন বা চার্জিং পয়েন্টে ব্যবহৃত বিদ্যুৎ সরবরাহ তারের মান IEC 62893 1 অনুসারে হবে।

সকল বৈদ্যুতিক যান চার্জিং স্টেশনকে গ্রিড বিদ্যুৎ সংযোগের পূর্বে সংশ্লিষ্ট পূর্বে বিদ্যুৎ বিতরণ লাইসেন্সি দ্বারা পরীক্ষা ও পরিদর্শন করাতে হবে এবং পরবর্তীতে সময়ে সময়ে নিরাপত্তা মানদন্ড বজায় রাখা হচ্ছে কিনা নিশ্চিত হতে হবে। চার্জিং স্টেশন মালিক সকল টেস্ট সার্টিফিকেট  অতীত পরিদর্শন বিষয়ক রেকর্ড পরিদর্শনকালীন পর্যবেক্ষিত কোন সমস্যা এবং তদসম্পর্কিত ব্যবস্থা গ্রহণের যাবতীয় রেকর্ড সংরক্ষণ করবেন। পরিদর্শনকালে চার্জিং স্টেশন মালিক এই সকল রেকর্ড সরবরাহ করবেন।

খোলা জায়গায় বা স্যাঁতসেঁতে পরিবেশে স্থাপিত বৈদ্যুতিক যান চার্জিং স্টেশনের যন্ত্রপাতির নিরাপত্তা মানদন্ড IEC 60529  রেটযুক্ত ভোল্টেজ 72 5 কেভির বেশি নয় এমন বৈদ্যুতিক সরঞ্জামের জন্য এনক্লোজার দ্বারা প্রদত্ত সুরক্ষার ডিগ্রিগুলির শ্রেণীবিন্যাস) অনুসারে কমপক্ষে IP54 মানের হতে হবে।

ভাংচুর প্রতিরোধ করতে শক্তিশালী যান্ত্রিক সরঞ্জাম কোন অপসারণযোগ্য/বিচ্ছিন্ন অংশ ছাড়াই ব্যবহার করা উচিত। অননুমোদিত খোলা রোধ করতে চার্জিং সরঞ্জাম প্যানেলগুলিতে লকিং সিস্টেম সরবরাহ করা যেতে পারে।

## **পরিশিষ্ট ২** বিদ্যুৎ সংযোগ গ্রহণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

**বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা**

১। জাতীয় পরিচয় পত্র প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি একই নামে বা স্থানে আরো সংযোগ নিতে নতুন করে আর কোন ডকুমেন্ট লাগবে না

৪। বাণিজ্যিক ভবনের ১০ তলার অধিক ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ

৫। রাজউক সিডিএ কেডিএ আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্ল্যান হোল্ডিং নম্বর প্রযোজ্য ক্ষেত্রে

৬। এইচটি সংযোগের ক্ষেত্রে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন।

৭। স্রেডার কারিগরি প্রত্যয়ন সুপারিশ পত্র

৮। লোড ৫০ কিলোওয়াটের অধিক হলে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন ও অগ্নি নির্বাপন সনদ লাগবে।

- ট্রান্সফরমারের স্পেসিফিকেশন ও প্রস্তুতকারকের টেস্ট সার্টিফিকেটের কপি
- এইট এলটি সুইচ গিয়ার পিএফআই প্ল্যান্ট ড্রপআউট ফিউজ ও লাইটনিং এ্যারেস্টরের বিশদ বিবরণ স্পেসিফিকেশন
- উপকেন্দ্রের সিংগেল লাইন ডায়াগ্রাম ৪ চার কপি সহ ফ্লোর প্ল্যানে সঠিক পরিমাপসহ উপকেন্দ্রের লে আউট ড্রয়িং ০১ এক কপি
- সরকার কর্তৃক অনুমোদিত সংস্থা কর্তৃক ট্রান্সফরমার তৈলের সদ্য সম্পাদিত টেস্ট রিপোর্ট
- কার্য সম্পাদনকারী ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক উপকেন্দ্র ও অভ্যান্তরীণ ওয়্যারিং এর ইনস্যুলেশন ও আর্থ টেস্ট রিপোর্ট
- উপকেন্দ্র ও বৈদ্যুতিক স্থাপনার কাজ সম্পাদনকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের বৈধ ঠিকাদারী লাইসেন্স ও তাঁর অধীনে নিয়োগকৃত সুপারভাইজারের সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি
- রাজউক চউক রাউক সিটি কর্পোরেশন পৌরসভা ইত্যাদি বা সরকার অনুমোদিত সংস্থা কর্তৃক অনুমোদিত ভবনের লে আউট প্ল্যানের সাবস্টেশনের অবস্থানসহ ০১ এক কপি
- মালিকালার স্বপক্ষে জমির দলিল চুক্তিপত্রের কপি
- গ্রাউন্ড ফ্লোর ব্যাতিত অন্যান্য ফ্লোরে সাব স্টেশন স্থাপনের ক্ষেত্রে

ক নিবন্ধিত কনসালটেন্টের নিকট থেকে নিরাপত্তা সনদপত্র
খ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর থেকে প্রাপ্ত সনদপত্র
গ ৩০০ তিনশত টাকা নন জুডিশিয়াল স্ট্যাম্পে বিল্ডিং এর স্বত্বধিকারীর নির্ধারিত অঙ্গীকারনামা।

## **পরিশিষ্ট ৩** চার্জিং স্টেশন সামগ্রীর কারিগরি প্রত্যয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্র


১। প্রস্তাবিত চার্জিং স্টেশনের লে আউট প্ল্যান।

২। পরিশিষ্ট ১ মোতাবেক বৈদ্যুতিক সুরক্ষা সামগ্রী যেমন  ওভার লোড প্রতিরোধ ব্যবস্থা  বজ্র নিরোধক সুরক্ষা ব্যবস্থা  বিপরীতমুখী বিদ্যুৎ প্রবাহ প্রতিরোধের জন্য সুরক্ষা ডিভাইস  ব্যাটারির ওভারভোল্টেজ প্রতিরোধের জন্য স্বয়ংক্রিয় ব্যবস্থা  আর্থিং সুরক্ষা ব্যবস্থা  ইত্যাদি উল্লেখসহ ইলেক্ট্রিক্যাল কানেকশন লে আউট।

৩। পরিশিষ্ট ১ অনুসারে গৃহীত সকল সুরক্ষা ব্যবস্থা  অভ্যন্তরীণ ইনসুলেশন ও ডিভাইসের স্পেসিফিকেশনসহ ল্যাবরেটরী পরীক্ষণ  প্রযোজ্য ক্ষেত্রে  এর সার্টিফিকেট বা রিপোর্ট।

৪। ব্যবসা পরিচালনার জন্য ট্রেড লাইসেন্স।

## **পরিশিষ্ট ৪** চার্জিং স্টেশন স্থাপনের জন্য কারিগরি অনুমোদনের ফ্লোচার্ট



## **পরিশিষ্ট ৫** বিদ্যুৎ সংযোগ গ্রহণের জন্য আবেদনের ফ্লোচার্ট

